



EMBASSY OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

VIA DELL'ANTARTIDE 7, 00144 ROME, ITALY

E-mail: mission.rome@mofa.gov.bd, embassyofbangladeshrome@gmail.com Website: https://rome.mofa.gov.bd

Via Alessandro dal Borro 49

তারিখ: ১৯ এপ্রিল ২০২৩

০৬-০৭ মে ২০২৩ ইতালির Arezzo শহরে কন্সুলার সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইতালির Arezzo ও নিকটবর্তী এলাকায় বসবাসরত বাংলাদেশি নাগরিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দূতাবাস, রোম-এর একটি কন্সুলার টিম আগামী ০৬-০৭ মে ২০২৩ শনি ও রবিবার Arezzo শহরে নিম্নবর্ণিত স্থান ও সময়সূচি অনুযায়ী সেবা প্রদান করবে:

সেবা প্রদানের স্থান	তারিখ ও সময়
Via Alessandro dal Borro 49 Arezzo 52100	০৬-০৭ মে ২০২৩ শনি ও রবিবার সকাল ৯.৩০ থেকে বিকাল ৪.৩০

এপয়েন্টমেন্ট গ্রহণ

পাসপোর্ট আবেদন জমা ও সার্টিফিকেট সেবা গ্রহণের জন্য ২৬ এপ্রিল ২০২৩ বিকাল ৩.০০ টা থেকে স্মার্টফোনে appointment.bdembassyrome.it এই লিংকে প্রবেশ করে সহজেই এপয়েন্টমেন্ট নেওয়া যাবে। অনলাইন ব্যতীত অন্য কোনভাবে এপয়েন্টমেন্ট গ্রহণের সুযোগ নেই।

উল্লেখ্য, পাসপোর্ট ডেলিভারি, এনভিআর (নো-ভিসা), জন্ম নিবন্ধন সনদ, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্যপদ প্রভৃতি সেবার জন্য এপয়েন্টমেন্ট গ্রহণের প্রয়োজন নেই।

পাসপোর্ট আবেদন

- কন্সুলার ক্যাম্পে কেবলমাত্র ৬ বছরের কম বয়সী শিশুদের নতুন পাসপোর্টের আবেদন জমা দেওয়া যাবে। এর জন্য ৪ পাতার অনলাইনে পূরণকৃত আবেদন ফরম; শিশুর বাংলাদেশের জন্মনিবন্ধন সনদ (দূতাবাস অথবা বাংলাদেশের ইউপি/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত যেখানে জন্মস্থান লেখা থাকবে -ইতালি) এবং ইতালির জন্মনিবন্ধন সনদ (কম্যুনে কর্তৃক ইস্যুকৃত); পিতা-মাতার পাসপোর্টের কপি; শিশুর পাসপোর্ট সাইজের ২ কপি ছবি এবং পিতা-মাতার ১ কপি ছবি লাগবে। শিশুর ছবি সাদা ব্যাকগ্রাউন্ডে, স্পষ্ট, মুখমন্ডল সোজা, দুই কান সমানভাবে দেখা যায়, ক্যামেরার দিকে তাকানো- এমন হতে হবে।
- ৬ বছর ও এর বেশি বয়সী শিশু যাদের ইতঃপূর্বে ফিংগারপ্রিন্ট নেওয়া হয় নি, তাদের পাসপোর্ট নবায়নের আবেদন কন্সুলার ক্যাম্পে করা যাবে না; এর জন্য দূতাবাসে আসতে হবে। কারণ, কন্সুলার ক্যাম্পে ফিংগারপ্রিন্ট গ্রহণের ব্যবস্থা নেই।
- পাসপোর্ট রি-ইস্যু/নবায়নের সময় ছবি পরিবর্তন প্রয়োজন হলে দূতাবাসে আসতে হবে। কারণ, কন্সুলার ক্যাম্পে ছবি সংযোজনের ব্যবস্থা নেই।
- বাকি সকলের পাসপোর্ট রি-ইস্যু/নবায়ন আবেদন করা যাবে। এর জন্য পূরণকৃত রি-ইস্যু ফরমের সাথে অরিজিনাল পাসপোর্ট, এক কপি ছবি, পাসপোর্টের ফটোকপি সাথে আনতে হবে।
- পাসপোর্ট হারিয়ে গেলে পুলিশ রিপোর্ট/দেমনশা এর অরিজিনাল কপি লাগবে।
- আবেদন দাখিলের সময় আবেদনকারীকে উপস্থিত থাকতে হবে।



EMBASSY OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

VIA DELL'ANTARTIDE 7, 00144 ROME, ITALY

E-mail: mission.rome@mofa.gov.bd, embassyofbangladeshrome@gmail.com Website: https://rome.mofa.gov.bd

পাসপোর্ট ডেলিভারি

কম্প্যুলার সেবা চলাকালীন যারা পাসপোর্ট ডেলিভারি নিতে আগ্রহী তাঁদেরকে পাসপোর্টের ডেলিভারি স্লিপ ০৪ মে ২০২৩ তারিখের মধ্যে passportdeliveryrome@gmail.com এই ইমেইল এড্রেসে প্রেরণ করতে হবে। যাদের পাসপোর্ট ইতোমধ্যে প্রিন্ট হয়ে দূতাবাসে এসেছে কেবলমাত্র তাদের পাসপোর্ট ডেলিভারি দেওয়া হবে। কম্প্যুলার ক্যাম্পে পাসপোর্ট সংগ্রহের জন্য ডেলিভারি স্লিপ ও পূর্বের অরিজিনাল পাসপোর্ট সাথে আনতে হবে।

এনভিআর আবেদন

এনভিআর (নো-ভিসা) এর জন্য অনলাইনে পূরণকৃত আবেদন ফরম, ইতালিয়ান পাসপোর্টের কপি, বাংলাদেশি পাসপোর্টের কপি ও দুই কপি ছবি জমা দিতে হবে। আবেদন দাখিলের সময় অরিজিনাল ইতালিয়ান পাসপোর্ট ও বাংলাদেশি পাসপোর্ট প্রদর্শন করতে হবে। আবেদনের সময় আবেদনকারীকে উপস্থিত থাকতে হবে।

জন্ম নিবন্ধন সনদ

যারা কম্প্যুলার সেবা চলাকালীন নতুন জন্ম নিবন্ধন সনদ/প্রতিলিপি গ্রহণে ইচ্ছুক, তাঁদেরকে আগামী ০৪ মে ২০২৩ তারিখের মধ্যে অনলাইনে bdris.gov.bd লিংকে গিয়ে আবেদন করে সংযুক্তিসহ আবেদনপত্র স্ক্যান করে bdrisrome22@gmail.com এই ইমেইল এড্রেসে প্রেরণ করতে হবে। কম্প্যুলার ক্যাম্পে মূল আবেদনপত্র, ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

এটিএম কার্ড (Bancomat) এর মাধ্যমে ফি পরিশোধ

কম্প্যুলার ক্যাম্পে এটিএম কার্ড (Bancomat) এর মাধ্যমে পাসপোর্ট ও নো-ভিসার ফি পরিশোধের ব্যবস্থা আছে। দ্রুততর সেবা পেতে এটিএম কার্ড (Bancomat) ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।

